গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ সুপারের কার্যালয়
ফরিদপুর
www.faridpur.police.gov.bd

মুজিববর্ষের অঙ্গীকার
পুলিশ হবে জনতার

স্মারক নং-২৮৪৯/ই

# নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখ ০৬-০৬-২০২১খ্রিঃ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয় স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৫.০২.০০২.২১-৮৯, তারিখ ২৩-০২-২০২১খ্রিঃ ও পুলিশ হেডকোয়ার্টার্স স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০৪.০১০.২০২১-১৫৭, তারিখ ০২-০৩-২০২১খ্রিঃ মোতাবেক শূণ্য পদ পূরণের নিমিত্ত ফরিদপুর জেলা পুলিশ সুপারের কার্যালয়ের নিম্ন বর্ণিত পদসমূহের প্রচলিত নিয়োগ বিধি ও শর্তানুযায়ী অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের জন্য ফরিদপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র/নং | পদের নাম | বেতন স্কেল(জাতীয় বেতন স্কেল/১৫) | পদের সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | পানি বাহক | গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | ০১(এক)টি | অষ্টম শ্রেণি পাস ও শারীরিকভাবে সক্ষম হতে হবে। |
| ০২ | বাবুর্চি | গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | ০১(এক)টি | অষ্টম শ্রেণি পাস ও শারীরিকভাবে সক্ষম হতে হবে। |
| ০৩ | পরিচ্ছন্নতা কর্মী | গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | ০২(দুই)টি | অষ্টম শ্রেণি পাস ও শারীরিকভাবে সক্ষম হতে হবে। |

শর্তাবলী ঃ-

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ফরিদপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। আগ্রহী প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯-১২-২০১৪খ্রি. তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪.০১ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র অনুযায়ী নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন করতে হবে। পুলিশ সুপার, ফরিদপুর এর ওয়েবসাইট www.faridpur.police.gov.bd হতে আবেদন ফরমটি A4 সাইজে প্রিন্ট করে স্বহস্তে পূরণ করে দাখিল করতে হবে। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৩। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে ঃ-

(ক) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের মূলকপি।
(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমান স্বরূপ সার্টিফিকেট/সনদ পত্রের ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি।
(গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা রঙ্গিন ০৪(চার) কপি পাসপোর্ট সাইজের ছবি।
(ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঙ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি।
(চ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অভিজ্ঞতার সনদ।
(ছ) প্রার্থীকে পুলিশ সুপার, ফরিদপুর এর অনুকুলে ৫০/-(পঞ্চাশ)টাকার ট্রেজারী চালান বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক শাখার কোড নং-১-২২১১-০০০০-২০৩১ এ পরীক্ষার ফি বাবদ জমা দিয়ে চালানের মূল কপি দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।

০৪। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে। কর্তৃপক্ষ এ বিষয়ে নিয়মমাফিক যে কোন পদক্ষেপ গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে। শূন্য পদ পূরণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

০৫। প্রাথীর বয়সসীমা ০৮-০৭-২০২১খিঃ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৬। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের প্রমাণক স্বরূপ-i) সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম লাল মুক্তিবার্তায় অন্তর্ভুক্ত থাকলে মুক্তিবার্তার সত্যায়িত কপি, অথবা ii) সংশ্লিষ্ট মুক্তিযাদ্ধার নাম ভারতীয় তালিকায় অন্তর্ভুক্ত থাকলে ভারতীয় তালিকার সত্যায়িত কপি, অথবা iii)সংশ্লিষ্ট মুক্তিযাদ্ধার নামে জারীকৃত গেজেট ও সাময়িক সনদের সত্যায়িত কপি অথবা iv) সংশ্লিষ্ট মুক্তিযাদ্ধার নামে জারীকৃত গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ(বামুস) কর্তৃক প্রদত্ত সনদ; অথবা v) গেজেট, সাময়িক সনদ ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ(বামুস) কর্তৃক প্রদত্ত সনদ।

০৭। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের ক্ষেত্রে ১ম শ্রেণির ম্যাজিস্ট্রেট এর নিকট সম্পাদিত অ্যাফিডেভিট অথবা বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত সাকসেশন সার্টিফিকেট এবং প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ঔরসজাত পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৮। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৯। আবেদন পত্রে পুলিশ সুপার, ফরিদপুর এর বরাবরে আগামী ০৮-০৭-২০২১খিঃ তারিখের মধ্যে অবশ্যই রেজিস্ট্রি ডাকযোগে পৌছাতে হবে। হাতে হাতে কোন আবেদনপত্র গৃহীত হবে না। খামের উপর পদের নাম ও কোটা উল্লেখ করে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌছাতেহবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১০। শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজ সেবা কার্যালয়ের উপ পরিচালক কর্তৃক প্রদত্ত সনদ/ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ/আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১১। আবেদনকারীকে ব্যবহারিক, শারীরিক ও মৌখিক পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। কোটা সম্পর্কিত নিয়ম প্রচলিত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

১২। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গন্য হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সীলমোহর যুক্ত হতে হবে। পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। আবেদনপত্রের সহিত প্রার্থীর নাম ও ঠিকানা উল্লেখ পূর্বক ১০(দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেট যুক্ত ১০″ × ৪″ সাইজের একটি ফেরত খাম প্রদান করতে হবে।

১৪। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। কোনরূপ সুপারিশ অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৫। নিয়োগ সংক্রান্ত কোনো অভিযোগ থাকলে মোবাইল-০১৩২০-০৯৭৩০০ বা ই-মেইল spfaridpur@police.gov.bd এ অভিযোগ করার বিষয়ে প্রচার করতে হবে। এ ক্ষেত্রে কারো বিরুদ্ধে কোনো অভিযোগ প্রমানিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন দাপ্তরিক প্রয়োজনে নিয়োগ বিজ্ঞপ্তি স্থগিতকরণ/সময়সীমা বর্ধিতকরণ/বাতিলকরণ এবং অন্য যে কোন সিদ্ধান্ত গ্রহণের চুড়ান্ত ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ আলিমুজ্জামান, বিপিএম-সেবা)
বিপি-৭৬০৩০২৭৮৪৪
পুলিশ সুপার, ফরিদপুর
☎ ০৬৩১-৬৩০৭৭, 🖷-৬৩০৮৯
E-mail : spfaridpur@police.gov.bd